আলমডাঙ্গায় ৮টি গাঁজার গাছসহ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার বটিয়াপাড়া গ্রামে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরে অভিযান চালিয়ে ৮ টি গাঁজার গাছ সহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে।

বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া এলাকার আনারুল সরদার (৫২) কে গ্রেফতার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা শাখা সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়নের মৃত হারেজ সরদারের ছেলে আনারুল সরদার। সে দীর্ঘদিন যাবৎ নেশাজাতীয় দ্রব্য গাঁজা বিক্রয় ও চাষ করে আসছে। এলাকাজুড়ে মাদকের অভায়রণ্য সৃষ্টি করে। গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর অভিযান পরিচালনা করেন।

খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া গ্রামের শিয়ালমারি ভায়া বটিয়াপাড়া বাইলি শিশির মাঠে নিজ জমির মধ্যে অবৈধভাবে গাঁজা চাষা করে। অভিযান চালিয়ে ৮ টি গাঁজা সহ গ্রেফতার করে গাঁজা চাষী আনারুলকে। গ্রেফতারকৃত আসামী আনারুলের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় একটি নিয়মিত মামলার অজু করা হয়।

দামুড়হুদায় শারদীয় দূর্গাপূজা উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদা উপজেলায় ২২ টি প্রতিমা তৈরির মধ্যে দিয়ে আগামি ১লা অক্টোবর থেকে হিন্দু ধর্মের বড় উৎসব হতে যাচ্ছে। এই উৎসব সুন্দর, সুষ্ঠু ভাবে যাতে পালন করা যায় তারই আলোকে শারদীয় দূর্গাপুজা উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

শারদীয় দূর্গাপুজা উপলক্ষে প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

এ সময় তিনি বলেন, পূজামন্ডপগুলিতে সব সময় লাইটিংয়ের ব্যবস্থা রাখতে, রাতে মেয়েদের একক ভাবে পূজামন্ডপে আসতে দিবেন না,পূজামন্ডপের আশেপাশে মোটরসাইকেল নিয়ে ঘুরাঘুরি করা যাবে না। প্রত্যেক পূজামন্ডপে সিসি ক্যামেরা লাগাতে হবে। সৃর্য্য অস্ত যাওয়ার আগে প্রতিমা বিসর্জ্জন দিতে হবে।পূজা মন্ডপে কেউ বিশৃঙ্খলা করলে তাকে ছাড় দেওয়া হবে না, কেউ যেন মাদক নিয়ে পূজা মন্ডপে প্রবেশ না করতে পারে সে জন্য আইন শৃঙ্খলা বাহিনী সব সময় প্রস্তুত থাকবেন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের সর্বাত্মক সহযোগিতা করা হবে, পুজায় আগত দর্শনার্থীদের ভিড় এড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, পুলিশের টহল জোরদার করা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে অনুরোধ, সহ ইভটিজিং ও নারীদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হবে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা প্রসাশনের আয়োজনে বিআরডিসি ভবনের হলরুমে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মাসুম আব্দুল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য অফিসার হামিদুর রহমান, উপজেল পরিসংখান তদন্ত কর্মকতা জিল্লুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফল কবীর, উপজেলা আনসার ভিডিপির প্রশিক্ষক রাফিজা খাতুন, দামুড়হুদা হিন্দু পরিষদের সভাপতি আনান্দ কুমার ঘোষ,সাধারণ সম্পাদক শ্রী সঞ্জয় হালদার,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবীসহ উপজেলার বিভিন্ন এলকার হিন্দু সম্প্রদায়ের ব্যাক্তিবর্গ।

দামুড়হুদায় ১৫ টাকা কেজি দরে চাউল বিক্রি উদ্বোধন

শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ ” এই শ্লোগানকে গানকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের দেওয়া খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় দামুড়হুদা সদর ইউনিয়নের ০৪ টি ডিলারের মাধ্যমে খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত অনলাইনকৃত ২৪২৭ জন কার্ডধারী হতদরিদ্রদের মাঝে স্বল্পমূল্যে ১৫ টাকা কেজি দরে খাদ্য শস্য (চাউল) বিতরণের শুভ উদ্বোধন করেন,দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

গতকাল মঙ্গলবার সকাল ৯ টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়নের উজিরপুর গাংপাড়ায়। এসময় চেয়ারম্যান হযরত আলী বলেন, মানবতার জননী হিসেবে পরিচিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি হতদরিদ্র মানুষের পাশে সবসময় থেকেছেন। সারাবিশ্ব যখন খাদ্য নিরাপত্তা নিয়ে চিন্তিত, তখন বাংলাদেশে কোন সংকট নেই। খাদ্যবান্ধব কর্মসূচি ২০১৬ সাল থেকে চালু রয়েছে। দুর্যোগময় পরিস্থিতিতে মানবিক প্রধানমন্ত্রী এই কর্মসূচির আওতায় দেশের ৫০ লাখ মানুষকে ১৫ টাকা কেজি দরে ভর্তুকির মাধ্যমে চাল দিচ্ছেন।

এসময় আরো উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ ইকরামুল হক,যুবলীগ নেতা রিংকু,মোশারেফ হোসেন মুছা সহ নেতৃবৃন্দ।

দামুড়হুদায় জেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থীর মতবিনিময়

আসন্ন চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারদের সাথে নির্বাচনি মতবিনিময় করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের আওয়ামীলীগের মনোনীত চেয়ারম্যান প্রার্থী মাহফুজুর রহমান মনজু।

আজ মঙ্গলবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও সাবেক চেয়ারম্যান সহিদুল ইসলাম, জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার, উপজেলা আওয়ামী লীগ নেতা আতিয়ার রহমান হাবু, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক নজির আহম্মেদ, যুগ্নসাধারন সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মখলেছুর রহমান রিপন, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মালেক, আঃ লীগ নেতা শহিদুল সর্দ্দার, ইদ্রিস আলি, আব্দুল বারি, আমির হোসেন, দর্শনা পৌর কাউন্সিলার সাব্বির হোসেন মিকা, পৌর কাউন্সিলর বিল্লাল হোসেন, শ্রমিক লীগ নেতা শহিদ বিশ্বাস, কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক আতিয়ার রহমান, যুবলীগ নেতা এসএম মহাসিন আলী, শরীফুজ্জামান শরীফ, বখতিয়ার খলজি বকুল, মন্টু, হাতেম আলী, ঝন্টু, ইঞ্জিঃ তছিম উদ্দিন, কার্পাসডাঙ্গা ইউপির সকল সদস্যসহ আঃ লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় বাল্যবিবাহ দেওয়ায় মেয়ের বাবার ১০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার মোক্তারপুর গ্রামে বাল্য বিবাহ দিতে গিয়ে গ্যাড়াকলে পড়েছে মেয়ের বাবা মন্টু। বাল্য বিবাহ পন্ড করে মেয়ের বাবাকে ১০ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত।

ভ্র্যাম্যমাণ আদালত পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিট্টেট সানজিদা বেগম।এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলি। গতকাল সোমবার রাত সাড়ে ৮ টার দিকে মোক্তারপুর গ্রামে এ ঘটনা ঘটে।

জানাগেছে,দামুড়হুদা উপজেলার মোক্তারপুর গ্রামের মন্টুর ৮ ম

শ্রেণীর মেয়েকে হাতিভাঙ্গা গ্রামের মহিশের ছেলে সিহাবের সাথে বাল্য বিবাহর প্রস্তুতি চলছিল।এমন খবর পেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম ঘটনাস্থলে যান।

নির্বাহী অফিসারের আসার খবর পেয়ে ছেলে পক্ষর লোকজন পালিয়ে যায়।পরে বাল্যবিবাহর ঘটনা সত্যতা মিললে মোক্তারপুর গ্রামের মেয়ের বাবা মন্টুকে দোষী সাব্যস্ত করে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ৮ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত।

সামাজিক নিরাপত্তাহীনতার কারনে অনেক মা-বাবা তাদের অল্প বয়সী মেয়েদের বিয়ে দেন তারাতারি। কারন এসব অভিভাবকদের চোখে ভাঁসে তাদের মেয়ে শিশুরা নিজের পরিবারে, স্কুলে, চলার পথে, বাজারে সর্বত্রই শারীরিক ও যৌন হয়রানীর শিকার হতে পারে হরহামেশাই। কিন্তু পরিতাপের বিষয় হলো যখন এসব শিশু কন্যাদের বিয়ে দেওয়া হয় তখন শিশু মেয়েটির নির্যাতন না কমে বরং অনেক ক্ষেত্রেই বাড়ে। এসব শিশু কন্যাদের বিয়ের পরে প্রজনন শিক্ষার অভাব, সিন্ধান্ত গ্রহনের অক্ষমতা, অধিকার ও কর্তব্য সম্পর্কে জ্ঞানের অভাব তাকে আরও ভয়ংকর পরিণতির দিকে ঠেলে দেয়। ফলে পারিবারিক নির্যাতন, যৌন নির্যাতন, প্রতিনিয়ত ক্রমবর্ধমান হারে বৃদ্ধি, যৌতুক দাবি, স্বামীর নিখোঁজ হয়ে যাওয়া, এমন কি তালাকের মত ঘটনা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এ কারনে গ্রামাঞ্চলে ও শহরের বস্তিগুলোতে স্বামী পরিত্যাক্ত মায়ের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে একই হারে।

অথচ বয়ঃসন্ধিক্ষনের সময় পার হতেই প্রতিবেশী ও গ্রামের দেওয়ানী মাতব্বর ঐ শিশুকন্যাকে বিয়ের দেওয়ার জন্য বিভিন্ন কৌশলে চাপ দিতে থাকেন অভিভাবকদের। অনেক সময় তাদের কথা মত বিয়ে না দিলে তারা শিশুকন্যার বাবা-মাকে এক ঘরে করে রাখার ভয়ভীতিও প্রদর্শন করেন। কোন উপয়ন্তর খুজে না পেয়ে অভিভাবকেরা শিশুকন্যার বিয়ে দিয়ে দেয় এসব চাপ থেকে নিজেদের বাঁচাতে। শিশুবিয়ে কৈশোরের সমাপ্তি ঘটায়, জোরপূর্বক যৌন সম্পর্কে বাধ্য করে, ব্যক্তি স্বাধিনতা খর্ব করে ও ব্যক্তি সত্তার বিকশিত হতে ব্যহত করে, যা কিশোরীদের আবেগের ওপর নেতিবাচক প্রভাব ফেলে। একটি মেয়ের পরিপূর্ন্য মানবিক সত্তা বিকশিত হতে পারে না। পাশাপাশি তারা সামাজিক ও আবেগিক সুস্থতা প্রজনন স্বাস্থ্য ও শিক্ষার সুযোগ থেকেও বঞ্চিত হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সদস্য হাসান আলি।
ভ্রাম্যমান আদালতে সহযোগিতা করেন, দামুড়হুদা মডেল থানার এ এস

আই মামুন ও দামুড়হুদা উপজেলা সহকারী সার্টিফিকেট অফিসার জিহন আলি।

মনোহরপুরে আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে এমপির মতবিনিময়

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকমিদের সাথে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে মাধবখালী গ্রামে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আহসান হাবিব বকুল।

দামুড়হুদার হাউলী ইউনিয়ন দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকাল সাড়ে ৪ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে।

দ্বি-মাসিক সমন্বয় সভায় হাউলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ও হাউলী ইউনিয়ন লোকমোর্চার প্রধান উপদেষ্টা ইউনুছ আলী।

হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমানের সঞ্চালনায়, আরো উপস্থিত ছিলেন, সহ-সভাপতি জহিরুল ইসলাম জহির। সহ-সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মিলন। সাংগঠনিক সম্পাদক জামিরুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা। প্রচার সম্পাদক রাসেল শাহ্।

নির্বাহী সদস্য শহিদুল ইসলাম,রিকাত আলী, লাইলী আক্তার বেবী, সাবিনা ইয়াসমিন, মামুন হোসেন, জয়নাল হোসেন, সেলিম উদ্দিন, সমশের আলী, মুক্তার হোসেন, সোনিয়া খাতুন, আকবর আলি বিশ্বাস,আলেফ উদ্দিন, শারমিন সুলতানা সহ হাউলী ইউনিয়ন লোকমোর্চার সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, ওয়েব ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

কেরুর আওতায় ৭ হাজার একর জমিতে

আখচাষের লক্ষ্য মাত্রা

সরকার আখের মুল্য বৃদ্ধি করায় দর্শনা কেরু চিনিকল সহ এলাকার প্রান্তিক চাষীরা আখচাষে ঝুকে পড়েছে। ২০২২-২৩ রোপন মৌসুমে ৭ হাজার একর জমিতে আখচাষের লক্ষমাত্রা নিয়ে কেরু চিনিকল কর্তৃপক্ষ মাঠে নেমেছে।

চিনিকলের কৃষি বিভাগ জানায়, গত ১ সেপ্টেম্বর রোপন মৌসুম শুরুর পর স্ব স্ব এলাকার চাষীরা ব্যাপক উৎসাহ উদ্দিপনা নিয়ে নিজ নিজ জমিতে আখ রোপন করতে দেখা গেছে। মৌসুমি বৃষ্টি জনিত কারনে গত ৪/৫ দিন আখ রোপন সম্ভব না হলেও গত এক সপ্তাহের ব্যাবধানে প্রায় পৌনে দু‘শ বিঘা জমিতে আখ রোপন ও বীজতলা করা হয়েছে। মিলজোন এলাকার বড় আখচাষী মো তৈয়ব আলি জানান গত বছর একমন (৪০কেজি) আখের মুল্য ছিল ১শ৪০ টাকা এবার ১শ ৮০ টাকা।এ জন্য আমি এবার ২৫ থেকে ৩০ বিঘা জমিতে ভাল ও উন্নত জাতের আখচাষ করবো।

মিলের জি এম (কৃষি) আশরাফুল আলম ভুঁইয়া গত মঙ্গলবার জানান এ বছর চিনিকলের খামারে ১হাজার ৫৫৯ ও চাষীর জমিতে ৫হাজার ৫৪১ একর। মোট ৭হাজার একর জমিতে আখচাষের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। তিনি বলেন সরকার দেশের মানুষ ও সাধারন চাষীদের স্বার্থে একমন আখের মুল্য মিলগেট এলাকায় ১শ ৪০ টাকা থেকে বাড়িয়ে ১শ ৮০ টাকা, বহিঃকেন্দ্রে(সেন্টারে) ১শ৩৭ থেকে ১শ৭৬ টাকা করেছে।তা ছাড়া আসন্ন মাড়াই মৌসুম চালুর পর জানুয়ারী মাসের ১৫ তারিখ থেকে ১৫ দিন পরপর কুইন্টাল প্রতি ৫ টাকা হারে ৫ বার মুল্য বৃদ্ধি অব্যাহত থাকবে।

যদি ফাউন্ডেশন বা রেজিস্টার বীজ ক্ষেত হয় তাহলে মিলে আখ সরবরাহ যোগ্য আখের চাইতে বীজ আখ কুইন্টাল প্রতি ৮ টাকার স্হলে ১০ টাকা বাড়ানো হয়েছে। তিনি জানান, গত বছর কেরুর নিজস্ব জমিতে দন্ডায়মান আখ ছিল ১হাজার ৫০ একর, চাষীর দন্ডায়মান আখছিল ৪হাজার ২শ৩০ একর।

যা গত বছরের চাইতে এ বছর প্রায় ২ হাজার একর জমিতে বেশী আখচাষের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। মিলের আখচাষী কল্যান সমিতির সভাপতি আঃ হান্নান ও সাধারন সম্পাদক আঃবারি বলেন আখের মুল্য কিছুটা হলেও বেড়েছে, যার জন্য আখচাষ বাড়বে তবে চিনির বিক্রয় মুল্য বাড়িয়ে আখের মুল্য আরো একটু বাড়ানো দরকার। জি এম (প্রশাসন) শেখ মোঃ শাহাব উদ্দিন, বলেন আমরা উন্নত জাতের ও চিনি

সমৃদ্ধ আখ চাষের উপর জোর দিয়েছি।যাতে করে চাষী ও মিল উভয়ই লাভবান হতে পারে। চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক মো মোশারফ হোসেন বলেন ইতি মধ্যে আখের মুল্য বৃদ্ধি পাওয়াই আখচাষীদের মধ্যে বেশ সাড়া পড়েছে ও আখের বীজতলা তৈরি প্রস্তুত বেড়েছে, আশা করা হচ্ছে এ বছর বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশন এর নির্ধারিত টারগেট (ল্ক্ষমাত্রা) পুরন করতে সক্ষম হবো।

তিনি আরও বলেন, এ অচ্ঞলের চাষীরা আখ লাগালে সরাকারী ভাবে যে সারের রেট ২২ টাকা কেরু দিচ্ছে ১৬ টাকা যাতে করে কেরু চিনিকলটি সচল ভাবে চলে।এবং লক্ষমাত্রা অর্জিত হয়।

আলমডাঙ্গায় পৌর সেচ্ছাসেবকলীগের সম্পাদককে কুপিয়ে হত্যা

আলমডাঙ্গা পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আল ইমরান হোসেনকে (২৫) কুপিয়ে হত্যা করেছে দুর্বত্তরা।

গতকাল শুক্রবার বেলা ১১টার দিকে দু’জন রামদা দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করলে তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণ করেন। ইমরান পৌরসভার গোবিন্দপুর গ্রামের আব্দুল জলিলের ছোট ছেলে।

নিহত ইমরানের বাবা আব্দুল জলিল জানান, চার মাস আগে পৌর এলাকার নওদাবন্ডবিল গ্রামের সাকিব ও দুর্লভপুর গ্রামের মাসুদসহ কয়েকজনের সঙ্গে ইমরানের দ্বন্দ্ব দেখা দেয়। বিষয়টি থানায় বসে সমঝোতা হয়। এরপর শুক্রবার একা পেয়ে তারা কুপিয়ে ইমরানকে হত্যা করে।

প্রত্যক্ষদর্শী আহাদ আলী জানান, তিনি ও ইমরান বেলা ১১টার দিকে গোবিন্দপুরের মাঠপাড়ায় পুকুরে মাছ ধরার জন্য বসেছিলেন। পূর্ব শত্রুতার জেরে মাসুদ ও সাকিব নামের দু’জন রামদা দিয়ে ইমরানের ওপর অতর্কিত হামলা চালায়। এ সময় তিনি দৌড়ে পালিয়ে যান। হামলাকারী

দু’জন উপজেলার কুমারি ইউনিয়নের দুর্লভপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে মাসুদ ও পৌর এলাকার নওদাবন্ডবিল গ্রামের মজিবার রহমানের ছেলে সাকিব।

স্থানীয়রা জানান, রক্তাক্ত অবস্থায় ইমরান দৌড়ে পুকুরের মধ্যে পড়ে যায়। সেখানে থেকে উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক সাইফুল ইসলাম হত্যার ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, দুর্বৃত্তদের ধরতে ইতোমধ্যেই পুলিশের কয়েকটি টিম কাজ করছে। অল্প সময়েই তাদের আইনের আওতায় আনা হবে।

দামুড়হুদায় ইজিবাইকের ধাক্কায় শিশু লামিয়া নিহত

দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে ইজিবাইকের ধাক্কা লামিয়া খাতুন(৭) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে নাপিত খালি পশ্চিম পাড়ায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত লামিয়া উপজেলার নাপিত খালি গ্রামের পশ্চিম পাড়ার রাজমিস্ত্রী নাজমুল হোসেনের কন্যা। সে বদনপুর মহিলা মাদ্রাসার ২য় শ্রেণির ছাত্রী ছিল।

সরজমিনে গিয়ে জানাগেছে নিহত লামিয়া রাস্তার পাশে খেলা করছিল, এসময় দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে একটি ইজিবাইক কার্পাসডাঙ্গার দিকে যাচ্ছিল, হঠাৎ দৌড়ে রাস্তা পার হওয়ার সময় ইজিবাইকের সাথে সজরে ধাক্কা লাগে। ঘটনা স্থলেই লামিয়া় মৃত্যু হয়। খবর পেয়ে দ্রুত ঘটনা স্থানে পৌঁছায় দামুড়হুদা মডেল থানা পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার এস আই মশিউর রহমান বলেন, উভয় পক্ষের কারো কোন অভিযোগ না থাকায় লাশ নিহতের পরিবারের নিকট হস্তান্তর

□□□ □□□□□□